

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৩. রায় বা মত পোষণ করা অপছন্দনীয় বিষয়ে

بَابُ فِي كَرَاهِيَةِ اخْذِ الرَّأْيِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ سُفْيَانَ، عَنْ وَاصِلٍ، عَنْ
امْرَأَةٍ يُقَالُ لَهَا: عَائِذَةُ، قَالَتْ: رَأَيْتُ ابْنَ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ يُوصِي الرِّجَالَ وَالنِّسَاءَ
وَيَقُولُ: «مَنْ أَدْرَكَ مِنْكُمْ مِنْ امْرَأَةٍ أَوْ رَجُلٍ، فَالَسَّمْتُ الْأَوَّلَ السَّمْتُ الْأَوَّلُ، فَإِنَّكُمْ عَلَى
الْفِطْرَةِ» قَالَ عَبْدُ اللَّهِ السَّمْتُ: الطَّرِيقُ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

২১৯. আইয়া নামক এক মহিলা হতে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহুকে নারী-পুরুষদেরকে নসীহত করতে শুনেছি। তিনি বলতেন: “তোমাদের মধ্যকার নারী বা পুরুষ যে-ই (ফিতনা ও বিদআতের যুগ) পায় সে যেনো অনুসরণ করে প্রথমযুগের লোকদের পথ, প্রাচীনদের পস্থা (তথা সাহাবীগণের পস্থা)। কেননা, তবেই তোমরা ফিতরাত’ তথা স্বভাব ধর্ম (ইসলাম)-এর উপর থাকবে।

(পরবর্তী বর্ণনাকারী) আব্দুল্লাহ বলেন, السمت মানে রাস্তা, পথ-পস্থা।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু সা’দ, আত তাবাকাত ৮/৩৫৮; ইবনু আবী শাইবা ১৪/১৩৩ নং ১৭৮৫৬; বিস্তারিত তাখরীজ দেখুন পূর্বে উল্লেখিত হাদীস নং ১৭৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69530>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন